জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নং - জয়পৌসভা/প্রকৌ/২০২১-২২/ ৯০২৬                                                            তারিখঃ ২৫/০৫/2022

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৩ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৬/০৬/২০২২ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৩ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বর্ষার সময় মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা।
৩। ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৩
জয়পুরহাট পৌরসভা।
২৫/৫/22

প্রাপক ঃ

..............................................................

..............................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৫৯ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৩

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ০৬/০৬/২০২২ইং।

রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

অদ্য ০৬/০৬/২০২২ইং তারিখ রোজঃ সোমবার, সময়ঃ বেলা ১২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৩নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

২ নং আলোচ্য সূচী ঃ বর্ষার সময় মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ জাকির হোসেন মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ের গুরুত্ব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন এখন বর্ষা মৌসুম শুরু হওয়ার আগে থেকেই ব্যাপক ঝড় ও বৃষ্টিপাত শুরু হয়েছে। এজন্য আমার ওয়ার্ড তথা পৌরসভার যে জায়গাগুলোতে মাটির রাস্তা আছে এগুলো দ্রুত পরিদর্শন করে এর একটি তালিকা প্রস্তুত করতে হবে। এছাড়া এই তালিকাভূক্ত রাস্তার মধ্যে কোনটি বেশী ক্ষতিগ্রস্ত সেটি আগে প্রতিরোধের ব্যবস্থা গ্রহন করতে হবে। এজন্য আমি পৌরপরিষদে বাঁধ মেরামতের বিষয়ে আলোচনা করে যে সিদ্ধান্ত হয় ঐ অনুযায়ী কার্যক্রম গ্রহন করা হবে

সিদ্ধান্ত ঃ মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে নিশ্চিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ জাকির হোসেন ড্রেন পরিষ্কার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন এখন যেহেতু বর্ষা মৌসুম শুরু হতে যাচ্ছে, এই সময় পৌরসভার সমস্ত ড্রেন ভালভাবে পরিষ্কার করতে হবে। এই সময়ে ড্রেন ঠিকমত পরিষ্কার করা না হলে, অতিরিক্ত বৃষ্টি হলে এই বৃষ্টির পানি ঠিকমত ড্রেন দিয়ে নিষ্কাশিত না হলে রাস্তা-ঘাট পানির নিচে নিমজ্জিত হবে। এছাড়া যে এলাকাগুলো নিচু এগুলো পানির নীচে তলায়ে যাবে। এতে মানুষের স্বাভাবিক জীবনে নেক ভোগান্তির সৃষ্টি হবে। এসব ভোগান্তির হাত থেকে রক্ষার জন্য অবশ্যই ড্রেন ভালভাবে পরিষ্কার করতে হবে।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ওলিউজ্জামান সভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে ড্রেন নিয়মিত পরিষ্কার করার জন্য পৌরসভা থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি WC কমিটি
ও ৩নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।
তারিখ ঃ ০৬/০৬/2022

স্মারক নং-জাপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/১০৭৫(০৬)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৩
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি WC কমিটি
ও ৩নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৩ - এর
৫৯ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি : মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : পৌর মিলনায়তন।
তারিখ : ০৬/০৬/২০২২ইং।
রোজ : সোমবার।
বেলা : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | [signature] |
| ৩ | মোঃ মারুফ হাসান | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | মারুফ |
| ৪ | মোছাঃ নাছরিন আক্তার | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | মোছাঃ রুলি খাতুন | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | রুলি |
| ৬ | মোছাঃ মরিয়ম খাতুন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | মরিয়ম |
| ৭ | কামরুজ্জামান মিলন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | কামরুজ্জামান |
| ৮ | মোঃ সোহরাব হোসেন বাবু | পেশাজীবি সংগঠন | সদস্য | [signature] |
| ৯ | মোঃ হাসান মন্ডল | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | মোঃ মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | [signature] |